কোটচাঁদপুরে পুলিশ ক্যাম্পের ভবিষ্যৎ নির্ধারণে ওয়ার্কশপ অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর মডেল থানাধীন উপজেলার দোড়া ইউনিয়নের লক্ষিপুর অস্থায়ী পুলিশ ক্যাম্পের ভবিষ্যৎ নির্ধারণে ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা ১২টার দিকে কোটচাঁদপুর মডেল থানার আয়োজনে স্থানীয় দোড়া ইউনিয়ন কার্যালয় মিলনায়তনে জনমত জরিপের এই ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়।

থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলমের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোঃ মোহাইমিনুল ইসলাম। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, সাধারণ সম্পাদক শাহাজান আলী, জেলা পরিষদ সদস্য শামীম আরা হ্যাপী।

এক সময়ের সন্ত্রাসী কবলিত এলাকা বলে খ্যাত উপজেলার দোড়া ইউনিয়নের লক্ষিপুর বাজার সংলগ্ন নির্দিষ্ঠ স্থানে ১৯৯৬ সালে প্রতিষ্ঠা করা হয় অস্থায়ী পুলিশ ক্যাম্প। বর্তমান সময়ে এই জনপদের মানুষের দাবী সন্ত্রাস ও মাদক নিমূল এবং আইন-শৃঙ্খলা বজায় রাখতে অস্থায়ী এই পুলিশ ক্যাম্পকে স্থায়ী পুলিশ ক্যাম্প হিসাবে ঘোষণা করা। এই জন্য সংশ্লিষ্ঠ ঊদ্ধর্তন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছেন জনপ্রতিনিধি সহ এই এলাকার সাধারণ মানুষ ।

এ সময় উপস্থিত ছিলেন, দোড়া ইউপি চেয়ারম্যান কাবিল উদ্দীন, ক্যাম্প ইনচার্জ শুকুর আলী, থানার উপ-পরিদর্শক এস.আই আব্দুল মান্নান, এস.আই তৌফিক, এস.আই জাহিরুল, বিশিষ্ট শিল্পপতি মোঃ মহাসিন আলী বকুল, সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক ইউপি সদস্য মইদুল ইসলাম, ইউপি সদস্য মিলন, ইউপি সদস্য ইদ্রিস আলী, সংরক্ষিত নারী ইউপি সদস্য আইশা খাতুন সহ স্থানীয় জনসাধারণ।

আলমডাঙ্গায় মাস্কবিহীন ২৪ জনকে জরিমানা

আলমডাঙ্গায় করোনাভাইরাস সংক্রান্ত স্বাস্থ্যবিধি না মানায় মাস্কবিহীন ২৪ জনকে জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

গতকাল বুধবার পৌর শহরের বিভিন্ন মোড়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী।

আদালত সূত্রে জানা গেছে, মার্চ মাস থেকে শুরু হওয়া করোনা মহামারি ৪ মাস অতিবাহিত হলেও এখনও আক্রান্তের হার উর্দ্ধমুখি রয়েছে। প্রতিদিনই প্রাণ হারাচ্ছেন অসংখ্য মানুষ। তবুও মানুষের মাঝে এখনও সেভাবে সচেতনতা গড়ে ওঠেনি।

অনেকেই মাস্কবিহীন বাড়ি থেকে বের হয়ে যত্রতত্র ঘুরে বেড়াচ্ছেন। মানুষের মাঝে সচেতনতা তৈরী করতে বুধবারে এরকম ২৪ জনকে জরিমানা করা হয়েছে। এ সময় আদালতে নিরাপত্তার দায়িত্বে ছিলেন থানার এসআই সুফল।

একই সময়ে উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী নেতৃত্বে পৌর শহরে অটোচালক, মোটরসাইকেল চালক ও ভ্যান চালকরা স্বাস্থ্যবিধি না মানায় তাদের বেশকিছু বাহনকে জব্দ করে থানায় আটক রাখা হয়।

মাদক সেবনরত অবস্থায় দুই যুবক আটক: ভ্রাম্যমাণ আদালতে

জরিমানা

দামুড়হুদা মডেল থানা পুলিশ চিৎলাগ্রামে মাদক বিরোধী অভিযান চালিয়ে মাদকসেবনরত অবস্থায় দুই যুবক কে আটক করেছে। আটককৃতরা হলো দামুড়হুদা উপজেলার চিৎলা গ্রামের গিয়াস উদ্দিনের ছেলে আকাশ (২২),আশাদুল হকের ছেলে তুষার (২৩)।

গতকাল বিকেল ৩টার দিকে তাদের কে চিৎলা গ্রামের স্বপনের বাড়ি থেকে মাদক সেবনের অপরাধে আটক করে পুলিশ। পরে আটককৃতদের বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। আদালত আটককৃতদের কে মাদক সেবনের অপরাধে ১০হাজার টাকা জরিমানা করেন।

আদালত সূত্রে জানা যায়,গত শুক্রবার দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদার চিৎলা গ্রামের মোড়পাড়ার স্বপনের বাড়িতে মাদক বিরোধী অভিযান চালায়।

এ সময় স্বপনের বসত ঘর থেকে মাদক সেবনের অপরাধে আকাশ ও তুষার নামের দু’যুবক কে আটক করে।

আটকের পর দামুড়হুদা উপজেলা সহকারি কমিশনার (ভূমি) ও নিবার্হী ম্যাজিস্ট্রেট মো মহিউদ্দিন কে বিষয়টি অবগত করে পুলিশ। নিবার্হী ম্যাজিস্ট্রেট ঘটনাস্থল পরিদর্শন করে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

আদালতের বিচারক নিবার্হী ম্যাজিস্ট্রেট মো মহিউদ্দিন মাদক সেবনের আপরাধে দুই মাদক সেবীকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮সালের ৩৬এর সারণির ৫ধারায় উভয় কে জনসম্মুখে ৫হাজার টাকা করে জরিমানা করেন। অর্পিত জরিমানার টাকা নগদে পরিষোধ করে মুক্তি পাই।

আদালত পরিচালনা কার্যে সহযোগিতা করেন দামুড়হুদা মডেল থানার এসআই শেখ তৌহিদুর রহমান,এএসআই হারুন, দামুড়হুদা উপজেলা নিবার্হী অফিসের পেশকার জিহন আলি,অফিস সহকারি রফিকুল ইসলাম।

এছাড়াও এ সময় স্থানীয় নেতৃবৃন্দ সহ চিৎলা গ্রামের প্রায় ২শতাধীক নারী-পুরুষ উপস্থিত ছিলেন।

দর্শনায় চিহিৃত মাদক সম্রাট রশিদা সহ আটক-২ : মাদক উদ্ধার

“মাদক ছাড়, নাই এলাকা ছাড়” এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গার দর্শনা থানা এলাকাকে মাদক মুক্ত করার জন্য মাদক বিরোধী অভিযান অব্যাহত রেখেছে দর্শনা থানা পুলিশ ।

দফায় দফায় মাদক বিরোধী অভিযানে মাদক ব্যবসায়ীদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। সেই সাথে আটক হচ্ছে মাদক ব্যবসায়ী। উদ্ধার করা হচ্ছে মাদক। দর্শনা থানা ইনচার্জ ওসি মাহাব্বুর রহমান কাজল এর নেতৃত্বে ইতোমধ্যে আটক করা হয়েছে এলাকার চিহ্নিত বেশ কিছু মাদক কারবারীকে।

মঙ্গলবার সন্ধ্যা ৭ টার দিকে দর্শনা থানার ইনচার্জ ওসি মাহাব্বুর রহমানের নেতৃত্বে ওসি (তদন্ত) শেখ মাহাবুবুর রহমান, এসআই জাকির হোসেন, এস আই সাইফুল , এএসআই শফিকুর রহমান শফি, এএসআই শাহিন কনঃ কাজল রেখা সহ সঙ্গীয় ফোর্স গোপন সংবাদের ভিক্তিতে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন আকন্দবাড়িয়া ফার্ম পাড়ায়।

এ সময় এলাকার চিহ্নিত মাদক ব্যবসায়ী বহু মাদক মামলার আসামি রবিউল এর স্ত্রী রশিদা খাতুনকে(৪৬) আটক করে, তার দেহ তল্লাশি করে উদ্ধার করা হয় ৬১ পিচ ইয়াবা ট্যাবলেট এবং বসতঘর থেকে উদ্ধার করা হয় ২ কেজি গাঁজা।

এদিকে একই দিন সকাল ৯ ঘটিকার সময় মাদক বিরোধী অভিযান চালিয়ে প্রতাবপুর থেকে ৪ কেজি গাঁজা সহ মিরাজ আলী (১৯) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করে দর্শনা থানা পুলিশ।

সে দামুড়হুদা থানার শুবুলপুর গ্রামের মহসীন আলীর ছেলে। আটককৃতর বিরুদ্ধে মাদক আইনে মমলা রুজু করা হয়েছে জানিয়েছে পুলিশ

দামুড়হুদার কুড়ুলগাছি সীমান্তে ইয়াবাসহ আটক ১

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের সীমান্ত ঠাকুরপুর বিজিবি ক্যাম্পের মাদক বিরোধী অভিযানে ৭২ পিস ইয়াবা ট্যাবলেট ও মাদক বহনকারী মোটরসাইকেল সহ মাদক ব্যবসায়ী মিঠুকে আটক করেছে বিজিবি।

আটককৃত মিঠু মিয়া হলেন কুড়ুলগাছি ইউনিয়নের চাকুলিয়া গ্রামের রেজাউল আলীর ছেলে বিজিবি সূত্রে জানা গেছে- গতকাল দুপুর ২ টার দিকে চাকুলিয়া সীমান্ত থেকে ব্যাটারি চালিতো অটো চার্জার গাড়িতে করে একটি মোটর সাইকেল নিয়ে কার্পাসডাঙ্গায় যাওয়া উদ্দ্যেশ্য আসছিলে।

ঠাকুরপুর বিজিবি ক্যাম্পের সামনে পৌঁছালে গোপন সংবাদের ভিত্তিতে ঠাকুরপুর বিজিবি ক্যাম্পের সদস্যরা ব্যাটারি চালিতো অটো চার্জার গাড়িটি গতিরোধ করেন।

এসময় মাদক ব্যবসায়ী মিঠু মিয়ার দেহ তল্লাশি করে কিছু না পাওয়া গেলে অটো চার্জারে করে নিয়ে যাওয়া মিঠুর মোটর সাইকেলের তল্লাশি করে সিট কভারের নিচে থেকে ভারতীয় মাদকদ্রব্য ৭২ পিস ইয়াবা ট্যাবলেট সহ মাদক ব্যবসায়ী মিঠু মিয়াকে আটক করে বিজিবি।

এই রিপোর্ট লেখা পর্যন্ত আটককৃত মাদক ব্যবসায়ী মিঠু বিজিবি’র হেফাজতে আছে।

দামুড়হুদা থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ২৫০ গ্রাম গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গা জেলা সুযোগ্য পুলিশ সুপার জাহিদুল ইসলাম এর দিকনির্দেশনায় দামুড়হুদা থানা পুলিশের মাদক বিরোধী অভিযান

চালিয়ে ২৫০ গ্রাম গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। আটককৃত মাদক ব্যবসায়ী হলেন দামুড়হুদা উপজেলার কাদিপুর গাংপাড়ার মৃত সাবদার আলী ছেলে মনির হোসেন (৪০) ও তার সহপাঠী লোকনাথপুর বাসস্ট্যান্ডপাড়া মৃত আক্কেল আলীর ছেলে আব্দুল হালিম শাহ (৬০)।

দামুড়হুদা থানা পুলিশ সূত্র থেকে জানা গেছে, দামুডহুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সুযোগ্য পুলিশ অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল খালেক এর নেতৃত্বে, এস আই তৌহিদুর রহমান, এ এস আই মসলেম উদ্দীন, সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিক্তিতে উপজেলার কাদিপুর গ্রামের পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করেন বৃহস্পতিবার দুপুর ২ টার দিকে দোহ তল্লাশী করে ২৫০ গ্রাম গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ী আটক করেন।

পুলিশ আরও বলেন আটককৃত আব্দুল হালিম শাহ’র বিরুদ্ধে একাধিক মাদকের মামলা রয়েছে। মাদক ব্যবসায়ী মনির হোসেন ও সহপাঠী আব্দুল হালিম শাহ’র বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দামুড়হুদা মডেল থানায় মামলা দায়ের করা হয়েছে বলে জানান পুলিশ।

চুয়াডাঙ্গায় করোনা উপসর্গে একজনের মৃত্যু, নতুন আক্রান্ত ২৫

চুয়াডাঙ্গায় করোনা উপসর্গ নিয়ে নবীছদ্দিন (৬৩) নামে এক ব্যক্তি মারা গেছেন।

গতকাল বুধবার রাত সাড়ে ৯টায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আইসোলেশন ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। নিহত নবীছদ্দিন সদর উপজেলার উকতো গ্রামের বাসিন্দা। তিনি সর্দি, কাশি, জ¦রে ভুগছিলেন।

এদিকে বুধবার চুয়াডাঙ্গায় নতুন করে ২৫ জনের করোনা শনাক্ত হয়েছে। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা হলো ৫৮০ জন।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. শামীম কবির জানান, উকতো গ্রামের নবীছদ্দিন বুধবার সন্ধ্যা ৭টার দিকে সর্দি, কাশি, জ্বরে নিয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে আসেন।

শ্বাসকষ্টসহ করোনা উপসর্গ থাকায় তাকে আইসোলেশন ইউনিটে ভর্তি রাখা হয়। পরে রাত সাড়ে ৯টার দিকে মারা যান তিনি। করোনা উপসর্গ নিয়ে মারা যাওয়ার তার নমুনা সংগ্রহ করা হয়েছে। বৃহস্পতিবার নমুনা পরীক্ষার জন্য পাঠানো হবে।

ডা. শামীম কবির আরো জানান, নবীছদ্দিন করোনা উপসর্গ নিয়ে মারা যাওয়ায় তাকে স্বাস্থ্যবিধি মেনে দাফনের উদ্যোগ নেয়া হয়েছে।

এদিকে, বুধবার রাতে আসা করোনা পরীক্ষার প্রতিবেদনে ২৫ জনের করোনা শনাক্ত হয়েছে। এদের মধ্যে সদর উপজেলায় ১৭ জন, আলমডাঙ্গায় ৬ জন এবং দামুড়হুদায় ২ জন আছেন। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা হলো ৫৮০ জন।

আক্রান্তদের মধ্যে চুয়াডাঙ্গা সদর উপজেলার শেখপাড়ার ১ জন, জ্বীনতলাপাড়ার ১ জন, ঝিনাইদহ পুরাতন বাসস্ট্যান্ড ১ জন, ফেরীঘাট রোড ১ জন, কোর্টপাড়া ৩ জন, ঈদগাহ পাড়া ১ জন, বাগানপাড়া ১ জন, গোরস্তান পাড়া ১ জন, সাদেক আলী মল্লিক পাড়া ২ জন, নওদাবন্দ বিল ১ জন, দৌলতদিয়াড় ২ জন, গোপালনগর ১ জন, সিভিল সার্জন অফিস ১ জন।

আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর ১ জন, পাথিলা ১ জন, পুরাতন বাজার ১ জন, ভাঙ্গাবাড়িয়া ১ জন, বাবু পাড়া ১ জন, কলেজপাড়া ১ জন এবং দামুড়হুদা উপজেলা দর্শনার ২ জন।

হাসাদাহে জাতীয় সাংবাদিক সংস্থার অভিষেক ও শপথ অনুষ্ঠান

জীবননগর উপজেলার হাসাদাহে নবগঠিত জাতীয় সাংবাদিক সংস্থার হাসাদাহ শাখা কমিটির এক অভিষেক অনুষ্ঠান ও শপথ গ্রহন অনুষ্ঠিত হয়েছে।

১১ জন সদস্য বিশিষ্ট নবগঠিত এই কমিটিতে কবির আহম্মদ সভাপতি এবং

বদরুজ্জামান শ্যামলকে সাধারণ সম্পাদক পদে নির্বাচিত করা হয়।

গতকাল বিকাল ৫ ঘটিকার সময় জাতীয় সাংবাদিক সংস্থার অফিস রুমে এই শপথ গ্রহন অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা পরিষদের ১৪নং ওয়ার্ড সদস্য শফিকুল আলম নান্নু প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই শপথ বাক্য পাঠ করান।

এ সময় বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন মোহাম্মদ আলী মাস্টার, ঔষুধ ব্যবসায়ী মিজানুর রহমান, মাহববুর রশিদ বিশ্বাস, হাসাদাহ প্রেসক্লাবের সভাপতি ডি.এম মতিয়ার রহমান ও সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন সহ নবগঠিত জাতীয় সাংবাদিক সংস্থার সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

জীবননগরে শিশুদের মাঝে ঈদের নতুন পোশাক বিতরণ

জীবননগরে অসহায় দরিদ্র শিশুদের মাঝে ঈদের নতুন পোশাক বিতরণ করা হয়েছে।

বুধবার বিকাল ৪টার সময় সেচ্ছাসেবী সংগঠন এফ.এস.ডি.ও এর উদ্যোগে জীবননগর উপজেলার উথলী গ্রামে এ ঈদ পোশাক বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন এফ.এস.ডি.ও এর সদস্য মাহমুদুল হাসান জিবা, র্স্বানালী তাবাচ্ছুম মালা, আজমির ইয়াসমিন, জলি আক্তার, জিহাদ হোসেন, তন্ময় হাসান রাজ, আয়েসা খাতুন প্রমুখ।

জীবননগরে দুই কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

জীবননগরে দুই কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ী আটক হয়েছে।

গত মঙ্গলবার রাতে জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নিদেশে জীবননগর থানার এ এস আই কামররুজ্জামান, এ এস আই হাবিব সঙ্গীয় ফোর্স নিয়ে নারায়নপুর গ্রামে অভিযান চালায়।

এ সময় নারায়নপুর গ্রামের মজনুর রহমানের ছেলে শাহ আলম কিরন (২৫) এবং একই গ্রামের মৃত নেয়ামত মন্ডলের ছেলে বশির উদ্দিন বছেরকে আটক করে।

এ সময় তাদেও কাছ থেকে ২ কেজি গাঁজা ও গাঁজা বিক্রি করার নগদ ২ হাজার ২’শ টাকা পাওয়া যায়।

এ ব্যাপারে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে।